দৈনিক বাংলা

তারিখ ...23 NOV 1984
পৃষ্ঠা... ...2...কলাম

124

25

# হরতাল করবেন না: শিক্ষকদের আহবান

(স্টাফ রিপোর্টার)

পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের স্বার্থ বিবেচনা করে শিক্ষকদের আরও কিছু সংগঠন দেশব্যাপী আগামী ২৯শে নবেম্বরের (বৃহস্পতিবার) সকাল-সন্ধ্যা হরতাল প্রত্যাহার করার জন্য গতকাল সংশ্লিষ্ট দল অর্থাৎ আওয়ামী লীগের প্রতি আহবান জানিয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির ৩ জন নেতা ২৯শে নবেম্বরের হরতালই শুধু প্রত্যাহার নয়, সেশনজট নিরসনের উদ্দেশ্যে আর হরতাল আহবান না করার জন্য আহবান জানিয়ে বলেছেন, দেশের স্কুলগুলোয় এখন এসএসসির নির্বাচনী ও অন্যান্য শ্রেণীর বার্ষিক পরীক্ষা চলছে। নতুন করে আর হরতাল না ডাকার জন্য রাজনৈতিক দল ও জোটের প্রতি আহবান জানিয়ে নেতৃবৃন্দ বলেন, বার বার হরতাল ডাকার ফলে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে ও অভিভাবকরা আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

(৫-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষকদের আহবান

(৮-এর পৃঃ পর)

বিবৃতিদাতারা হচ্ছেন প্রিন্সিপ্যাল এ কে এম শহীদুল্লাহ, অধ্যাপক এ কে এম আলী রেজা, শেখ আমানুল্লাহ, মোঃ শহীদুর রহমান ও মওলানা মোহাম্মদুল্লাহ।

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মহিউদ্দীন আহমদ ও মহাসচিব মুহম্মদ শহীদুর রহমান স্কুলে নির্বাচনী ও বার্ষিক পরীক্ষার সময় আগামী ২৯শে নবেম্বর আওয়ামী লীগ কর্তৃক সকাল-সন্ধ্যার হরতাল ডাকায় উদ্বেগ প্রকাশ করে বলেন যে সারা বছরের পড়ালেখার মূল্যায়ন হয় এই নির্বাচনী ও বার্ষিক পরীক্ষার মাধ্যমে, ফলে হরতালের জন্য পরীক্ষা ব্যাহত হলে ছাত্র, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে দারুণ উৎকণ্ঠার সৃষ্টি হয়। তারাও হরতাল কর্মসূচী প্রত্যাহার করে নিতে আহবান জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আমানুল্লাহ ও মহাসচিব আজিজুল হক শাহ হরতালের কর্মসূচী প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট দলের প্রতি আহবান জানান।